২৮/৪৭

তারিখ 16 SEP 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক বাংলা

# জা'নগর ভার্সিটি ঃ হরতালের কারণে অনার্স পরীক্ষা বিঘ্নিত হচ্ছে

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ১৫ সেপ্টেম্বর।**– নির্ধারিত সময়ে কোর্স শেষ না হওয়ায় জাহাঙ্গীরনগর ভার্সিটির মাষ্টার্স পর্বের ছাত্রছাত্রীরা নির্দিষ্ট সময় পরীক্ষা দিতে পারছে না। বিরোধীদলগুলোর হরতালের কারণে পরীক্ষাসমূহ আরও পিছিয়ে যাবে বলে ধারণা করা হচ্ছে।

চলতি মাস থেকে বিভিন্ন বিভাগের অনার্স ফাইনাল পরীক্ষা শুরু হয়েছে। তবে ঘন ঘন হরতালের কারণে তাতে বিঘ্ন হচ্ছে। বিভিন্ন বিভাগের মাষ্টার্স চূড়ান্ত পর্বের পরীক্ষায় এ মাসের শেষ সপ্তাহ থেকে নেয়ার তারিখ ঘোষণা করা হয়েছে। পরীক্ষার কাছাকাছি সময়েও কিছু কিছু বিভাগের কোর্স শেষ না হওয়ায় ছাত্রছাত্রীরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। ছাত্রছাত্রীরা জানায়, কিছু কিছু শিক্ষক পরীক্ষার আগে আগে তড়িঘড়ি করে ক্লাস শেষ করেন। কোন কোন বিভাগে এক সপ্তাহে ৮/১০টি পর্যন্ত এসাইনমেন্ট জমা দিতে হচ্ছে। মাষ্টার্স পর্বের ছাত্রদের সামনে সমাপনী উৎসব। এছাড়া এভাবে হরতাল চলতে থাকলে পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়বে বলে ছাত্রদের ধারণা।

**ভর্তি পরীক্ষার ফল**

৯৪–৯৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফল চলতি মাসের ২১ তারিখে প্রকাশিত হবে। জাতীয় দৈনিকে এ ফল প্রকাশ করা হবে। আসনসংখ্যার পাঁচগুণ মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। হরতালের কারণে ফল প্রকাশে বিলম্ব হচ্ছে। ১৬ সেপ্টেম্বর ফল প্রকাশের কথা ছিল।